# সংবাদ বিজ্ঞপ্তি

## স্যামসন এইচ চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে টিআইবি

**ঢাকা, জানুয়ারি ৫, ২০১২:** টিআইবি'র ট্রাস্টি বোর্ডের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক চেয়ারম্যান স্যামসন এইচ চৌধুরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এক বিবৃতিতে বলেন, "স্যামসন চৌধুরীর মৃত্যুতে দুর্নীতি বিরোধী আন্দোলন একজন একনিষ্ঠ ও উদ্যমী সুহৃদ ও পথপ্রদর্শককে হারাল। তিনি ১৯৯৬ সালে টিআইবি'র প্রতিষ্ঠালগ্ন থেকেই বাংলাদেশে দুর্নীতিবিরোধী আন্দোলনকে বেগবান করার লক্ষ্যে সক্রিয় অবদান রেখেছেন, বিশেষ করে দুর্নীতিবিরোধী প্রতিষ্ঠান হিসেবে টিআইবি'র চলার পথে যে কোন সংকটে তাঁর সুচিন্তিত পরামর্শ, নির্দেশনা ও সহায়তা আমাদেরকে এগিয়ে যাবার প্রেরণা যুগিয়েছে। টিআইবির বোর্ড অব ট্রাস্টিজ ও ম্যানেজমেন্টের পক্ষ থেকে আমরা তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি ও তাঁর শোকসন্তপ্ত পরিবারকে জানাচ্ছি গভীর সমবেদনা।"

স্যামসন এইচ চৌধুরী ১৯২৬ সালের ২৫ ফেব্রুয়ারি জন্মগ্রহণ করেন, দীর্ঘজীবনের পথ পরিক্রমায় তিনি বাংলাদেশের বেসরকারি খাতে একজন সৃষ্টিশীল, অভিনব, সামাজিকভাবে দায়িত্বশীল এবং জাতীয় ও আর্ন্তজাতিকভাবে সফল উদ্যোক্তা হিসেবে সুখ্যাতি অর্জন করেছেন।

উল্লেখ্য, তিনি ২০০৪ থেকে দুই বছরের জন্য টিআইবি'র ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন।

**গণমাধ্যম যোগাযোগ**

রিজওয়ান–উল–আলম
পরিচালক
আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই–মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২